

দৈনিক

আমাদের সময়

তারিখ ... ০৭ MAY. 2016 ...
পৃষ্ঠা ... ৬ কলাম ... ১ ...

ছাত্রীদের যৌন হয়রানির ঘটনায় তীব্র নিন্দা

রাজধানীর আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তড়িৎকৌশল বিভাগের শিক্ষক কর্তৃক একাধিক ছাত্রীর যৌন হয়রানির ঘটনা ঘটেছে। জানা যায়, আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তড়িৎকৌশল বিভাগের শিক্ষক এবং সহকারী প্রক্টর মাহফুজুর রশিদ ফেরদৌস বিভিন্ন সময়ে ওই বিভাগের একাধিক ছাত্রীকে যৌন হয়রানি করে আসছিলেন। কিছুদিন আগে একই বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী হয়রানির শিকার হন। নির্যাতনের শিকার ছাত্রী তা প্রশাসনকে জানালে প্রশাসন সিজ্ঞাত

নিতে গড়িমসি করে। এতে ক্ষিপ্ত হয়ে বিশ্ববিদ্যালয়ের সব ছাত্রছাত্রী গত ২ মে উল্লিখিত শিক্ষকের অপসারণের দাবিতে আন্দোলন করেন। বাংলাদেশ মহিলা পরিষদ রাজধানীর আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তড়িৎকৌশল বিভাগের শিক্ষক কর্তৃক একাধিক ছাত্রীকে যৌন হয়রানির ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছে। ঘটনার সঙ্গে জড়িতদের

বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণসহ সূচু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ এবং নির্যাতনের শিকার ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে অনুরোধ জানাচ্ছে। সেই সঙ্গে যৌন নিপীড়ন ও উত্ত্যক্তকরণের ঘটনা প্রতিরোধে হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে পৃথক আইন প্রণয়নসহ এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে ব্যাপক জনসচেতনতা তৈরির জন্য সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ প্রশাসনের কাছে জোর দাবি জানাচ্ছে।

নারী
সংবাদ